

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।
www.nlaso.gov.bd

স্মারক নং- জা:আ:স:প্র:স: ০৬/২০১১-৩৭৪

তারিখঃ ১৫ অগ্রহায়ণ ১৪২৫ বঙ্গাব্দ
২৯ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ দেওয়ানি আদালতের অবকাশকালীন সময়ে জেলা লিগ্যাল এইড কমিটি এবং জেলা লিগ্যাল এইড অফিসের কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, দেওয়ানি আদালতের অবকাশকালীন সময়ে অর্থাৎ ডিসেম্বর মাসে জেলা লিগ্যাল এইড কমিটি এবং জেলা লিগ্যাল এইড অফিসের স্বাভাবিক কার্যক্রম চলবে। উক্ত অবকাশকালীন সময়ে জেলা লিগ্যাল এইড কমিটির চেয়ারম্যান এবং জেলা ও দায়রা জজ এর অবর্তমানে কমিটির অন্যতম সদস্য সংশ্লিষ্ট জেলার চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এবং যেসব জেলায় পূর্ণকালীন জেলা লিগ্যাল এইড অফিসার নেই, সেসব জেলায় চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট কর্তৃক মনোনীত একজন সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ভারপ্রাপ্ত জেলা লিগ্যাল এইড অফিসারের দায়িত্ব পালন করবেন।

০২। এমতাবস্থায় উপর্যুক্ত নির্দেশনার আলোকে দেওয়ানি আদালতের অবকাশকালীন সময়ে জেলা লিগ্যাল এইড কমিটি এবং জেলা লিগ্যাল এইড অফিসের স্বাভাবিক কার্যক্রম চলমান রাখার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

০৩। পরবর্তীতে সংস্থা কর্তৃক ভিন্নরূপ কোন নির্দেশনা না দেয়া পর্যন্ত প্রতিবছর দেওয়ানি আদালতের অবকাশকালীন সময়ের জন্য অত্র নির্দেশনা বলবৎ থাকবে।

স্বা/-

তারিখঃ ২৯/১১/২০১৮ খ্রিঃ

(মোঃ জাফরুল হাছান)

পরিচালক (সিনিয়র জেলা জজ)

জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা

ফোন নং - ৮৩৩-১৯০৬ (অঃ)

স্মারক নং- জা:আ:স:প্র:স: ০৬/২০১১-৩৭৪

তারিখঃ ২৯ নভেম্বর, ২০১৮ খ্রিঃ

জ্ঞাতার্থে ও কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। চেয়ারম্যান, জেলা লিগ্যাল এইড কমিটি এবং জেলা ও দায়রা জজ,------(সকল)।

২। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,------(সকল)।

৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

৫। জেলা লিগ্যাল এইড অফিসার- ঢাকা/ গাজীপুর/ মুন্সীগঞ্জ/ নরসিংদী/ নারায়নগঞ্জ/ মানিকগঞ্জ/ নেত্রকোনা/ কিশোরগঞ্জ/ ফরিদপুর/ রাজবাড়ী/গোপালগঞ্জ/মাদারীপুর/শরিয়তপুর/জামালপুর/ময়মনসিংহ/শেরপুর/টাংগাইল/রাজশাহী/নাটোর/নওগাঁ/চাঁপাইনবাবগঞ্জ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট/রংপুর/নীলফামারী/গাইবান্ধা/কুড়িগ্রাম/লালমনিরহাট/ দিনাজপুর/ ঠাকুরগাঁও/পঞ্চগড়/খুলনা/ সাতক্ষীরা/বাগেরহাট/ যশোর/ ঝিনাইদহ/ মাগুরা/ নড়াইল/কুষ্টিয়া/মেহেরপুর/ চুয়াডাঙ্গা/ বরিশাল/ভোলা/ঝালকাঠি/পিরোজপুর/ পটুয়াখালী/ বরগুনা/চট্টগ্রাম/ কুমিল্লা/ চাঁদপুর/ ব্রাহ্মণবাড়ীয়া/ নোয়াখালী/ লক্ষ্মীপুর/ফেণী/কক্সবাজার/বান্দরবান/ রাঙ্গামাটি/ খাগড়াছড়ি/ মৌলভীবাজার/ সুনামগঞ্জ /হবিগঞ্জ /সিলেট।

৬। উপ-পরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব), জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।

৭। সহকারী পরিচালক (প্রশাসন/মনিটরিং/অর্থ ও হিসাব), জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।

৮। পিএ টু পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।

৯। সংশ্লিষ্ট প্রশাসনিক ফাইল/গার্ড ফাইল।

(কাজী ইয়াসিন হাবীব)

সহকারী পরিচালক (প্রশাসন)

সিনিয়র সহকারী জজ

জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা

ফোন নং - ৮৩৩-১১৫১ (অঃ)